

## সহীহ মুসলিম (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ৫৯৩৬ ৪৫/ ফ্যীলত (كتاب الفضائل) পরিচ্ছেদঃ ৩৮. মুসা (আঃ) এর ফ্যীলত

# باب مِنْ فَضَائِل مُوسَى صلى الله عليه وسلم

#### আরবী

حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ رَافِعٍ، حَدَّثَنَا عَبْدُ الرَّزَّاقِ، حَدَّثَنَا مَعْمَرٌ، عَنْ هَمَّامِ بْنِ مُنَبِّهٍ، قَالَ هَذَا مَحَدَّثَنَا أَبُو هُرَيْرَةَ، عَنْ رَسُولِ اللَّهِ صلى الله عليه وسلم. فَذَكَرَ أَحَادِيثَ مِنْهَا وَقَالَ رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم " جَاءَ مَلَكُ الْمَوْتِ إِلَى مُوسَى عَلَيْهِ السَّلاَمُ فَقَالَ لَهُ رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم " جَاءَ مَلَكُ الْمَوْتِ إِلَى مُوسَى عَلَيْهِ السَّلاَمُ عَيْنَ مَلَكِ الْمَوْتِ فَفَقَأَهَا \_ قَالَ \_ فَرَجَعَ أَجِبْ رَبَّكَ \_ قَالَ \_ فَلَطَمَ مُوسَى عَلَيْهِ السَّلاَمُ عَيْنَ مَلَكِ الْمَوْتِ فَفَقَأَهَا \_ قَالَ \_ فَرَجَعَ الْمَلَكُ إِلَى اللَّهِ تَعَالَى فَقَالَ إِنَّكَ أَرْسَلْتَنِي إِلَى عَبْدِي قَقُلِ الْحَيَاةَ تُرِيدُ فَإِنْ كُنْتَ تُرِيدُ الْحَيَاةَ وَقَالَ ارْجِعْ إِلَى عَبْدِي فَقُلِ الْحَيَاةَ تُرِيدُ فَإِنْ كُنْتَ تُرِيدُ الْحَيَاةَ وَقَالَ ارْجِعْ إِلَى عَبْدِي فَقُلِ الْحَيَاةَ تُرِيدُ فَإِنْ كُنْتَ تُرِيدُ الْحَيَاةَ وَقَالَ ارْجِعْ إِلَى عَبْدِي فَقُلِ الْحَيَاةَ تُرِيدُ فَإِنْ كُنْتَ تُرِيدُ الْمَوْتَ وَقَالَ الْحَيَاةَ مُنْ الْمَوْتَ وَقَدْ فَقَالَ أَوْنَ عَنْ مَنْ عَرْدِهُ إِلَى عَبْدِي فَقُلِ الْحَيَاةَ تُربِدُ فَإِنْ كُنْتَ تُربِدُ الْحَيَاةَ قَالَ ثُمَّ مَهُ قَالَ فَكَى مَتْنِ تَوْرٍ فَمَا تَوَارَتْ يَدُكَ مِنْ شَعْرَةٍ فَإِنَّكَ تَعِيشُ بِهَا سَنَةً قَالَ ثُمَّ مَهُ قَالَ وَمُونَ عَلَى مَتْنِ تَوْرِ فَمَا تَوَارَتْ يَتُكِمُ الْأَرْيُثَكُمْ قَبْرَهُ إِلَى جَانِبِ الطَّرِيقِ وَلَا الله عليه وسلم " وَاللَّهِ لَوْ أَنِي عِنْدَهُ لأَرْيُتُكُمْ قَبْرَهُ إِلَى جَانِبِ الطَّرِيقِ عَنْدَهُ لأَرْيُتُكُمْ قَبْرَهُ إِلَى جَانِبِ الطَّرِيقِ عَنْدَا الْكَثِيبِ الْأَحْمَر " .

قَالَ أَبُو إِسْحَاقَ حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ يَحْيَى، حَدَّثَنَا عَبْدُ الرَّزَّاقِ، أَخْبَرَنَا مَعْمَنُ، بِمِثْلِ هَذَا الْحَديث .

#### বাংলা

ক্ষেত্রত। মুহাম্মাদ ইবনু রাফি (রহঃ) ... হাম্মাম ইবন মুনাব্বিহ সুত্রে বর্ণিত আবৃ হুরায়রা (রাঃ) থেকে বর্ণিত কয়েকটি হাদিসের অন্যতম হাদীস। রাসুলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ মালাকুল মাউত মূসা (আলাইহিস সালাম) এর কাছে এসে বললো, মূসা, আপনার পালনকর্তার ডাকে সাড়া দিন। রাবী বলেন, তখন মালাকুল মাউতের চোখের উপর মূসা (আলাইহিস সালাম) একটা থাপ্পড় মারলেন, এতে তাঁর চোখ নষ্ট করে ফেলেছিলেন। এরপর ফিরিশতা আল্লাহর কাছে ফিরে গিয়ে বললেন, আপনি আমাকে আপনার এমন এক বান্দার কাছে পাঠিয়েছেন যে মরতে চায় না এবং সে আমার চোখ নষ্ট করে দিয়েছে। আল্লাহ তাঁর চোখ ভালো করে



দিলেন এবং বললেন, আমার বান্দার কাছে আবার যাও এবং বল, তুমি কি আরও হায়াত চাও? যদি তা চাও তবে তোমার হাত একটি বলদের পিঠের উপর রাখ। এতে তোমার হাত যতগুলো পশম ঢেকে ফেলবে, তত বছর তুমি বেঁচে থাকবে।

মূসা (আলাইহিস সালাম) বললেন, এরপর কি? আল্লাহ বললেন, এরপর মৃত্যু বরণ করবে। মূসা (আলাইহিস সালাম) বললেন, তবে এখনই ভালো। আল্লাহ! আমাকে পবিত্র ভূমির একটি পাথরের টিলার নিকটে নিয়ে মৃত্যু দান করুন। রাসুলুল্লাহ সাল্লাল্লাভ্ছ আলাইহি ওয়াসাল্লাম বলেনঃ আল্লাহর শপথ! আমি যদি ওখানে হতাম তবে পথের কিনারে লাল বালিয়াড়ির পাশে তাঁর কবর তোমাদের দেখিয়ে দিতাম।

আবূ ইসহাক (রহঃ) ... মামার (রহঃ) থেকে অনুরূপ হাদীস বর্ণনা করেছেন।

### **English**

Abu Huraira reported Allah's Messenger (ﷺ) having said that the Angel of Death came to Moses and said:

Respond (to the call) of Allah (i. e. be prepared for death). Moses (peace be upon him) gave a blow at the eye of the Angel of Death and knocked it out. The Angel went back to Allah (the Exalted) and said: You sent me to your servant who does not like to die and he knocked out my eye. Allah restored his eye to its proper place (and revived his eyesight) and said: Go to My servant and say: Do you want life? And in case you want life, keep your hand on the body of the ox and you would live such number of years as the (number of) hair your hand covers. He (Moses) said: What, then? He said: Then you would die, whereupon he (Moses) said: Then why not now? (He then prayed): Allah, cause me to die close to the sacred land. Allah's Messenger () said: Had I been near that place I would have shown his grave by the side of the path at the red mound.

This hadith has been transmitted on the authority of Ma'mar.

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন 🛘 বর্ণনাকারীঃ হাম্মাম ইবনু মুনাব্বিহ (রহঃ)

🧕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন